সংবাদ

তারিখ SEP. 11 2006
পৃষ্ঠা ... কলাম ...

# ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজে পাসের হার ৫০.৯৬%

নিজস্ব বার্তা পরিবেশক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে ২০০৬ সালের ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ পরীক্ষায় ১৯৩৪ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৫০ দশমিক ৯৬ শতাংশ। উত্তীর্ণদের মধ্যে ১২২ জন জিপিএ এবং ৪ দশমিক ০১ থেকে ৫ পেয়েছে ১২২ জন।

২০০৬ সালের ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ পরীক্ষায় ৩৭৯৫ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে এবং ১৯৩৪ জন পাস করে। এদের মধ্যে হিসাব বিজ্ঞান শাখায় ৩১৯২ জন পরীক্ষার্থীর মধ্যে ১৬৫৫ জন উত্তীর্ণ হয়। হিসাব বিজ্ঞান শাখায় জিপিএ-৪ দশমিক শূন্য ১ থেকে ৫ পেয়েছে ১০৭ জন, জিপিএ-৩ দশমিক শূন্য ১ থেকে ৪ পেয়েছে ১০৭৯ জন এবং জিপিএ-২ দশমিক শূন্য ৩ থেকে ৩ পেয়েছে ৪৭৭ জন। বাংলা সেক্রেটারিয়েল সায়েন্স শাখায় ৪৩৩ জন পরীক্ষার্থীর মধ্যে ২১৬ ৮৮ শতাংশ। ইংরেজি সেক্রেটারিয়েল সায়েন্স শাখায় ১৭০ জন শিক্ষার্থীর মধ্যে ৬৩ জন পাস করেছে। পাসের হার ৩৭ দশমিক শূন্য ৬।